দৈনিক ইত্তেফাক

তারিখ ...11 MAY 1994 ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

151

## আজ ধর্মঘটী শিক্ষকদের প্রতীক অনশন

ইত্তেফাক রিপোর্ট ॥ পূর্ণাঙ্গ জাতীয় বেতন স্কেল প্রদান সহ ১৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আজ (বুধবার) কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতীক অনশন পালনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। সকাল ১০টা হইতে সন্ধ্যা পর্যন্ত এই অনশন চলিবে। এদিকে গতকাল (মঙ্গলবার) দেশের বেসরকারী

(১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ধর্মঘটী শিক্ষকদের

(১ম পৃঃ পর)

স্কুল-কলেজে শিক্ষক ধর্মঘটের ২২তম দিন অতিবাহিত হয়। প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল এক জরুরী সভায় শিক্ষকদের যৌক্তিক দাবী মানিয়া নেওয়ার আহ্বান জানাইয়াছে। ডঃ মোঃ আবদুর রাজ্জাক সভায় সভাপতিত্ব করেন।